দৈনিক বাংলা

তারিখ ... 14/10/79 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

155

# শহরের ভিক্ষুক: কাজ পেলে ৫৪ ভাগ ভিক্ষাবৃত্তি ছেড়ে দেবে

(স্টাফ রিপোর্টার)

রাজধানী ঢাকার ভিক্ষুকদের মধ্যে শতকরা ৩৮ জন ভিক্ষুকই তাদের বর্তমান ভিক্ষা-পেশায় সংযুক্ত থেকে ভিক্ষা ছেড়ে অন্য কোন পেশায় যেতে নারাজ। শতকরা ৫৪ জন সুযোগ পেলে ভিক্ষাবৃত্তি ছেড়ে দিতে আগ্রহী। এবং ৮ জন এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নিতে পারছে না।

সম্প্রতি ইউনিসেফ প্রকাশিত 'সিচুয়েশন অব উইমেন ইন বাংলাদেশ' গ্রন্থের এক নিবন্ধে এ তথ্য জানা গেছে।

ওই নিবন্ধে আরো জানা গেছে যে, রাজধানীর ভিক্ষুকদের মধ্যে শতকরা ৫১ জনই কর্মক্ষম। এছাড়া শতকরা ১৬ জন অন্ধ, ১৪ দশমিক ৭৪ জন পঙ্গু, দুই দশমিক ৭৪ জন মূক ও বধির।

আরো দেখা গেছে যে, ঢাকায় সংখ্যার দিক থেকে পুরুষের তুলনায় মহিলা ভিক্ষুকের সংখ্যাই বেশি। মহিলা ভিক্ষুকদের মধ্যে শতকরা ৫০ জন বিবাহিত, ৩৫ জন বিধবা এবং ১১ জন স্বামী পরিত্যক্ত। অন্যদিকে পুরুষ ভিক্ষুকদের মধ্যে শতকরা ৫৬ জন বিবাহিত, ৬ জন বিপত্নীক।